

‘আই ডোন্ট কেয়ার’ ফটোকার্ড পোস্ট, ঢাবির ডেপুটি রেজিস্ট্রার আটক

ঢাবি প্রতিনিধি

১৮ নভেম্বর ২০২৫, ০১:০৪ পিএম



মানবতাবিরোধী অপরাধের মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের মৃত্যুদণ্ডের রায় ঘোষণার পর সামাজিক যোগাযোগমাধ্যমে ‘আই ডোন্ট কেয়ার’ লেখা ফটোকার্ড পোস্ট করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ডেপুটি রেজিস্ট্রার লাভলু মোল্লা শিশির।

রায় ঘোষণার পর এ নিয়ে স্ফোভ ছড়িয়ে পড়লে সোমবার (১৭ নভেম্বর) মধ্যরাতে শিক্ষার্থীরা তাকে আটক করে শাহবাগ থানা পুলিশের হাতে তুলে দেন।

এই ঘটনায় ডাকসুর মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন বিষয়ক সম্পাদক ফাতিমা তাসনিম জুমা ফেসবুকে লেখেন, ‘লাভলুকে পুলিশের হাতে সোপর্দ করে এলাম। গণহত্যাকারী টিচারদের ব্যাপারেও আমাদের সেইম স্ট্যান্ডই থাকবে। উনাদের নিয়ে কেউ সুশীলতা করলে তাদেরও হিসাব নেওয়া হবে। এ জায়গায় কেউ তোষামোদি বা ক্ষমতার লোভে আসিনি আমরা। ২০০০ শহীদদের রক্তের ওপর দাঁড়িয়ে তাদের জন্য ইনসাফ আনার শপথ নিয়ে আসছি। এখানে গান্ধার ও গান্ধারির কোনো স্থান নাই।’

ডাকসুর সমাজসেবা সম্পাদক এবি জুবায়েরও একই বিষয়ে ফেসবুকে লেখেন, ‘হাসিনার পক্ষে পোস্ট দেওয়া ঢাবির ডেপুটি রেজিস্ট্রার কট। প্রত্যেকটা হুঁচককেই গর্ত থেকে টেনে বের করা হবে, ওয়েটা।’

ঘটনা প্রসঙ্গে শাহবাগ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খালিদ মনসুর বলেন, ‘ঢাকা বিশ্ববিদ্যালয়ের কয়েকজন শিক্ষার্থী তাকে (ডেপুটি রেজিস্ট্রার) থানায় সোপর্দ করেছেন। তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে।’

জানা যায়, গত বছরের জুলাইয়ে ছাত্র-জনতার আন্দোলনের দুই মাস পরও ঢাবির ভিসি অফিসে দায়িত্বে ছিলেন ছাত্রলীগপন্থী হিসেবে পরিচিত ৫ কর্মকর্তা-কর্মচারী। পরে সাধারণ শিক্ষার্থীদের অভিযোগের ভিত্তিতে তাদের রেজিস্ট্রার কার্যালয়ে সংযুক্ত করা হয়। ওই ৫ জনের একজন হলেন লাভলু মোল্লা শিশির। ছাত্রজীবনে তিনি মাস্টারদা সূর্য সেন হল ছাত্রলীগের সভাপতি ছিলেন।